দৈনিক আমাদের সময়

10 JUN 2016
পৃষ্ঠা ...২... কলাম......

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য ইউজিসির ৩৩৯০ কোটি টাকা

**নিজস্ব প্রতিবেদক •**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের জন্য ২০১৬-১৭ অর্থবছরের ব্যয় নির্বাহে মোট ৩৩৯০.৬৯ কোটি টাকা বাজেট অনুমোদন করেছে।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে কমিশনের ১৪৪তম পূর্ণ কমিশন সভায় গতকাল এ বাজেট অনুমোদিত হয়।

পাশাপাশি সভায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের জন্য ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটে ২৮২৬.৭৪ কোটি টাকা বাজেট অনুমোদন করা হয়। একইসঙ্গে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ২০১৬-১৭ অর্থবছরের ব্যয় নির্বাহের জন্য মূল বাজেটে ৩৫.০৫ কোটি টাকা এবং ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটে ৩২.২৫ কোটি টাকা বাজেট অনুমোদন করা হয়।